



প্রেস বিজ্ঞপ্তি

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ এবং 'বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা, ২১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি।

মহান ২১শে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে মঙ্গলবার সকালে রাজধানীর মগবাজারে বিটিসিএল আইডিয়াল স্কুল প্রাঙ্গণে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ এবং "বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জক্কার এবং বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার উপস্থিত ছিলেন।

সকালে বিটিসিএল আইডিয়াল স্কুল প্রাঙ্গণে অবস্থিত শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জক্কার এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব আবু হেনা মোরশেদ জামান। এ সময় বিটিআরসি'র চেয়ারম্যানসহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনস্থ দপ্তর ও সংস্থাসমূহের প্রধানগণ উপস্থিত ছিলেন।

এরপর বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর পক্ষ থেকে কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারের নেতৃত্বে শহীদদের প্রতি ফুলেল শ্রদ্ধা জানানো হয়। এ সময় উপস্থিত ছিলেন বিটিআরসি'র ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার আবু সৈয়দ দিলজার হোসেন, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার অধ্যাপক ড. মুশফিক মামুন চৌধুরী, প্রশাসন বিভাগের মহাপরিচালক মোঃ দেলোয়ার হোসাইনসহ বিটিআরসি'র উদ্বর্তন কর্মকর্তারা। পর্যায়ক্রমে টেলিযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড, ডাক অধিদপ্তর, টেলিফোন শিল্প সংস্থা, মেইলিং এন্ড কুরিয়ার লাইসেন্সিং কর্তৃপক্ষ, টেলিটক বাংলাদেশ লিমিটেডের পক্ষ থেকে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পরবর্তীতে বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন শীর্ষক অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব আসাদুজ্জামান চৌধুরী এবং 'বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন' এর ওপর আলোচনা করেন টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ রফিকুল ইসলাম। আলোচনায় তিনি মাতৃভাষা বাংলা প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

প্রধান অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জক্কার বলেন, আমরা সেই গৌরবান্বিত জাতি, যারা মা, মাতৃভূমি ও মাতৃভাষার জন্য কখনো আপোষ করেনি। মনের ভাব প্রকাশের জন্য মাতৃভাষা সবচেয়ে বড় হাতিয়ার এবং প্রযুক্তির সকল ক্ষেত্র বর্তমানে বাংলা ভাষার ব্যবহার হচ্ছে জানিয়ে তিনি বলেন, বঙ্গবন্ধু ভাষাভিত্তিক যে রাষ্ট্র প্রতিষ্ঠা করেছেন, তার জন্য লড়াই করা আমাদের দায়িত্ব। কৃষিভিত্তিক দেশ থেকে বাংলাদেশে এখন পঞ্চম শিল্প বিপ্লবের দিকে যাচ্ছে বলেও জানান তিনি।

বিশেষ অতিথির বক্তব্যে বিটিআরসি'র চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার বলেন, ১৯৭৫ সালে জাতির পিতাকে হত্যার পর দীর্ঘ ১১ বছর ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের বিষয় উল্লেখ করা হতো না। ভাষা আন্দোলন কেবল ভাষার জন্য নয়, এটি বাঙ্গালির সামাজিক ও রাজনৈতিক আন্দোলন উল্লেখ করে বিটিআরসি চেয়ারম্যান বলেন, ভাষার জন্য এমন আত্মত্যাগের দৃষ্টান্ত পৃথিবীর আর কোথাও নেই। ১৯৫২ সালে যারা আত্মহত্যা দিয়েছেন সেই সালাম, বরকত, রফিক, জক্কারের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি বলেন, ১৯৪৮ সাল থেকে ভাষা আন্দোলনের বীজ বপন হয়।

বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ বলেন, বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন অতীত। বাংলা ভাষাকে আন্তর্জাতিক পরিসরে নিয়ে যেতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুরুত্বপূর্ণ অবদান রয়েছে উল্লেখ করে তিনি বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণার জন্য প্রবাসী বাঙ্গালীদের অবদান অনস্বীকার্য।

সভাপতির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান বলেন, বাংলা বর্ণমালা এমনভাবে তৈরি হয়েছে তা যেভাবেই বলা হোক না কেন তাতে মনের ভাব প্রকাশ করা যায়, যা অন্য ভাষার ক্ষেত্রে সম্ভব হয় না। বাংলা ভাষা প্রতিষ্ঠার লড়াইকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চূড়ান্ত পর্যায়ে নিয়ে গেছেন উল্লেখ করে তিনি আরো বলেন, তরুণ প্রজন্মকে ভাষার সাথে যুক্ত করতে হবে, যাতে তারা বাংলা ভাষার মর্যাদা উপলব্ধি করতে পারে। স্মার্ট বাংলাদেশকে এগিয়ে নিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কাজ করছে বলেও জানান তিনি।

আলোচনা অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর অধীনস্থ বিভিন্ন দপ্তর ও সংস্থার কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

প্রাপক (সদয় কার্যার্থে):

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

৩। সচিব, বিটিআরসি।

৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভাইস চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত

কর্মকর্তা (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য), বিটিআরসি।

৫। অফিস কপি

অনুরোধক্রমে

মো: ছালেহ উদ্দিন

সিনিয়র সহকারী পরিচালক

(মিডিয়া কমিউ: এন্ড পাব: উইং) বিটিআরসি।

যোগাযোগঃ ০১৫৫২২০২৭৯৮

Email: suddin@btrc.gov.bd